কোটচাঁদপুরে কর্তাভোজা কল্যাণ ট্রাস্টের মাসিক সভা

কর্তাভোজা কল্যাণ ট্রাস্টের মাসিক সভায় আত্মপ্রকাশ ঘটল ভবেশ চন্দ্র দেবের লেখা পুস্তক সতীমা ও সত্যদর্শন। বুধবার বিকেলে কোটচাঁদপুর বাগডাঙ্গা উপাসনালয়ের সামনে অনুষ্ঠিত আলোচনা সভায় এ আত্মপ্রকাশ ঘটে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, মহাশয় গোবিন্দ দেব অধিকারী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এলাঙ্গী ইউনিয়নের ইউপি সদস্য এনামুল হক।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন,সতীমা ও সত্যদর্শন পুস্তকের লেখক ভবেশ চন্দ্র দেব।

এ সময় উপস্থিত ছিলেন,বাগডাঙ্গা গ্রামের রঞ্জন দেব,চৌগাছার মুত্তদহ গ্রামের আনন্দ মহন দেব, চৌগাছা খড়িংঞ্চার মহাশয় গোবিন্দ অধিকারী, মহেশপুরের সুন্দরপুরের মহাশয় অনিল দেব,তাহেরপুরের মহাশয় অশ্বিনে দেব,বাগডাঙ্গা গ্রামের রতন দেব, মহেশপুরের মদন সত্য বুদ্দিশ্বর দেব,সত্য রঞ্জন দেব।

পরে উপস্থিত ভক্তবৃন্দদের মধ্যে পুস্তক বিতরন করা হয়। এ সময় তারা বলেন,আস্তে আস্তে আমাদের এ সংগঠনের প্রসার ঘটছে। সামনের দিনে আমরা আমার এ পুস্তক গুলো আরো ভক্তবৃন্দের হাতে তুলে দেয়া হবে।